

শ্রীবিষ্ণুসহস্রনাম

স্বামী সর্বাঙ্গানন্দ

অজঃ সর্বেশ্বরঃ সিদ্ধঃ সিদ্ধিঃ সর্বাদিরচ্যুতঃ ।
বৃষাকপিরমেয়াত্মা সর্বযোগবিনিঃসৃতঃ ॥২৪

শাংকরভাষ্য : ন জায়ত ইতি অজঃ 'ন জাতো ন জনিষ্যতে' ইতি শ্রুতেঃ । "ন হি জাতো ন জায়েহহং, ন জনিষ্যে কদাচন ।/ ক্ষেত্রজঃ সর্বভূতানাং তস্মাদহমজঃ স্মৃতঃ ॥" ইতি মহাভারতে (শান্তিপর্ব ৩৪২।৭৪) । সর্বেশ্বামীশ্বরানামীশ্বরঃ সর্বেশ্বরঃ, 'এষ সর্বেশ্বরঃ' (মাণ্ডুক্য ৬) ইতি শ্রুতেঃ । নিতানিষ্কলরূপত্বাৎ সিদ্ধিঃ । সর্ববস্তুষু সন্নিদ্রপত্বাৎ, নিরতিশয়রূপত্বাৎ ফলরূপত্বাৎ বা সিদ্ধিঃ । স্বর্গাদীনাং বিনাশিত্বাদফলত্বম্ । সর্বভূতানামাদিকারণত্বাৎ সর্বাদিঃ । স্বরূপসামর্থ্যান চ্যুতো ন চ্যবতে ন চ্যবিষ্যতে ইতি অচ্যুতঃ, 'শাস্ত্বতং শিবমচ্যুতম্' (নারায়ণোপনিষৎ ১৩।১) ইতি শ্রুতেঃ । তথা চ ভগবদ্বচনম্—'যস্মান চ্যুতপূর্বো-হহমচ্যুতস্তেন কর্মণা' ইতি । ইতি নান্নাং শতমাদ্যং বিবৃতম্ । বষণাৎ সর্বকামানাং ধর্মো বৃষঃ কাৎ তোয়াৎ ভূমিমপাদিতি কপির্বরাহঃ, বৃষরূপত্বাৎ কপিরূপত্বাচ্চ বৃষাকপিঃ । "কপির্বরাহঃ শ্রেষ্ঠশ্চ ধর্মশ্চ বৃষ উচ্যতে ।/ তস্মাদ্ বৃষাকপিং প্রাহ কাশ্যপো মাং প্রজাপতিঃ ॥" ইতি মহাভারতে (শান্তিপর্ব ৩৪২।৮৯) । ইয়ানিতি মাতুং পরিচ্ছেদ্বুং ন শক্যত আত্মা যস্যেতি অমেয়াত্মা ।

সর্বসম্বন্ধবিনির্গতঃ সর্বযোগবিনিঃসৃতঃ, 'অসঙ্গো হয়ং পুরুষঃ' (বৃহদারণ্যক ৪।৩।১৫) ইতি শ্রুতেঃ । নানাশাস্ত্রোক্তাদযোগাদপগতত্বাদ্ বা ।

ভাবানুবাদ : সর্বজ্ঞ, সর্বত্রবিরাজিত যে-নৈর্ব্যক্তিক সত্ত্বা পরিদৃশ্যমান এই জগতের অন্তরালে নিরন্তর ক্রিয়াশীল, 'সর্বদর্শনঃ' নামে সেই omniscpective নারায়ণকে সম্বোধন করেছিলেন পিতামহ ভীষ্ম । উপনিষদ তাঁকেই দৃশ্যমান এই জগতের 'দ্রষ্টা' রূপে সম্বোধন করেছেন, অভিহিত করেছেন সর্বদেশে সর্বকালে প্রতীয়মান জন্মমৃত্যুর অতীত এক তত্ত্বরূপে ।

ঈশ্বরচৈতন্যরূপে যখন তিনি অবতীর্ণ হয়েছেন, তখন নিজেই নিজের সম্পর্কে বলেছেন, "অজোহপি সন্নব্যাত্মা ভূতানামীশ্বরোহপি সন্ । প্রকৃতিং স্বামধিষ্ঠায় সন্তবাম্যাত্মমায়য়া ॥" (গীতা ৪।৬)

—আমি জন্মরহিত, অলুপ্তজ্ঞানশক্তিস্বভাব এবং সর্বভূতের ঈশ্বর হয়েও, স্বীয় ত্রিগুণাত্মিক মায়াশক্তিকে আশ্রয় করে দেহধারণ করে থাকি ।

তিনি আরও বলেছেন, এই অবিনাশী তত্ত্বই সমস্ত জগতকে পরিব্যাপ্ত করে আছেন, এই তত্ত্বই সমস্ত প্রাণীর স্বরূপ (গীতা, ২।১৭) ।

